



## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ

বিজ্ঞপ্তি নং- /নসক/১৭

তারিখঃ- ০৯/০৭/২০১৭ ইং

২০১৭ সালের (২০১৬-১৭ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৫-১৬, ২০১৪-১৫ ও ২০১৩-১৪ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) অনার্স পাট-১ পরীক্ষায় অংশ গ্রহণেচ্ছ শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১০/০৭/২০১৭ ইং তারিখ হতে ২০/০৭/২০১৭ ইং তারিখে মধ্যে ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে স্ব-স্ব বিভাগে যোগাযোগ করে ফরম পূরণের নির্ধারিত ফি ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করার জন্য নির্দেশ দেওয়া হলো।

১। ফরম পূরণের সময় সূচী : (ক)সকাল ১০: ০০ টা থেকে বেলা ২:০০ টা পর্যন্ত।

ফরম পূরণের তারিখ :

বিভাগের নাম	তারিখ
বাংলা, ইংরেজি, অর্থনীতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, ই. ইতিহাস পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদ, প্রাণি, গণিত, ভূগোল ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান	১০/০৭/২০১৭ ইং হতে ২০/০৭/২০১৭ পর্যন্ত

বি. দ্র. ফরম পূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন সুযোগ নাই।

২। আবেদন ফরম সংগ্রহ :

অনার্স ১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ( www.nubd.info/honours) থেকে প্রিন্ট করে অথবা প্রিন্টকৃত কপি থেকে ফটোকপি করে নিতে পারবেন।

৩। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :

(ক) নিয়মিত পরীক্ষার্থীদের জন্য:

\*\* জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী (যারা রেগুলেশন অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে) ২০১৭ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য:

\*\* যে সকল শিক্ষার্থী ২০১৬, ২০১৫ ও ২০১৪ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৭ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সে পরীক্ষা দিতে হবে না। তবে "C" বা "d" গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং "F" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

(গ) গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য :

\*\* ২০১৬ সালের অনার্স-১ম বর্ষে যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স /কোর্স সমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

\*\* যে সকল শিক্ষার্থী ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে "F" গ্রেড পেয়েছে তারা ২০১৭ সালের পরীক্ষায় "F" গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্স সমূহে অংশগ্রহণ করতে পারবে।

\*\* সকল "F" গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। "F" গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B<sup>+</sup> গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।

\*\* ২০১৬ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত ০১ টি পত্রে ২০১৬ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

\*\* ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রোড উন্নীতকরণের কোন সুযোগ নাই।

#### ৪। পাঠ্যসূচী :

\* সকল বিষয়ের পরীক্ষা ০৪ (চার) বছর মেয়াদী অনার্স কোর্সের পাঠ্যসূচী ও সংশোধিত বেগুলেশন ২০১৩-২০১৪ সালের শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

#### ৫। প্রয়োজনীয় কাগজ পত্র

ক। পরীক্ষার্থীর আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ০১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি জমা দিতে হবে।

৬। ডাচবাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিলার আইডি ৩৩২-এর মাধ্যমে শিক্ষার্থীর নিজ একাউন্ট থেকে ফি জমা দেয়ার নিয়মাবলী :

(ক) নিজ মোবাইল থেকে \*৩২২# লিখে যে সিম DBBL একাউন্ট আছে সেই সিম থেকে ডায়াল করে ১ লিখে সেন্ট করতে হবে। আবার ১ লিখে সেন্ট করতে হবে এবং Enter Biller ID এর ঘরে ৩৩২ লিখে সেন্ট করতে হবে। তারপর Enter Bill Number এর ঘরে স্ব-স্ব বিভাগ হতে প্রদত্ত নম্বর লিখে সেন্ট করতে হবে ও Enter Amount এর ঘরে স্ব-স্ব বিভাগ হতে নির্ধারিত ফি লিখে সেন্ট করতে হবে। তারপর পিন নম্বর দিয়ে সেন্ট করতে হবে। শেষে প্রাপ্ত TXN নম্বরটি ফরমের উপরে লিখে স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

(খ) প্রথমে চার অক্ষরের শিক্ষা বর্ষ এরপর ০১ এরপর স্ব-স্ব বিভাগের কোড তারপর শ্রেণি রোল লিখতে হবে।

১। (ক) [ বি. দ্র. অন্য কোন একাউন্টের মাধ্যমে ফি জমা দিলে ফি সংক্রান্ত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না। ]

(খ) নির্ধারিত ফি এর অতিরিক্ত টাকা জমা দিলে কিংবা ভুলবশত কেউ টাকা জমা দিলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

অধ্যক্ষ

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ